

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

উত্তরা শাখা, প্যারাডাইস টাওয়ার, প্লট-১১, সেক্টর-০৩, ঢাকা ময়মনসিংহ রোড, উত্তরা, ঢাকা-১২৩০।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখার ঋণগ্রহীতা মেসার্স রোড কিং টায়ার এন্ড ব্যাটারী, প্রোপ্রাইটর-মোঃ আব্দুস সালাম, পিতা-মোঃ আব্দুস সোবহান শেখ, মাতা-হালিমা বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ ক-৬১/৫/বি, নন্দা, গুলশান, ঢাকা, বর্তমান ঠিকানাঃ কৃষ্ণচূড়া-১, প্লট নং-২৫৯, সায়েম সোবহান প্রথম এ্যাভিনিউ, বসুন্ধরা আ/এ, ঢাকা এবং স্থায়ী ঠিকানাঃ গ্রাম-মানড্রা, থানা-টঙ্গীবাড়ি, জেলা-মুন্সিগঞ্জ কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে ঋণ গ্রহীতা মোঃ আব্দুস সালাম এবং তাহার স্ত্রী মিসেস মোমেনা বেগম তাহাদের মালিকানাধীন নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৫/০৫/২০১৭ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১০,৯৭,৬৮,৮৮৬.৯৭ (দশ কোটি সাতানব্বই লক্ষ আটশষ্টি হাজার আটশত ছিয়াশি টাকা সাতানব্বই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

- 8.25 decimals land owned by Mr. Md. Abdus Salam, situated within District-Dhaka, P.S.- Badda, J.L. Number: C.S.-294, S.A.-118, R.S.-32, M.S.-15, Khatian No. C.S.-137, S.A.-152, R.S.-368, M.S.-1407, Mutation-368, Plot Number C.S. & S.A.-1494, R.S.-4779, M.S.-4082, being bounded & butted by on the North-Mr. Abdul Hafez, on the South-Mr. Mosleh Uddin, on the East-Mr. Akbar Ali & others and on the West-Mr. Kaikobad & others.
- 5 decimals land with two storied building thereon owned by Mrs. Momena Begum, situated within District-Dhaka, P.S.- Badda, J.L. Number: C.S.-294, S.A.-118, R.S.-32, M.S.-15, Mouza-Bhatara, Khatian No. C.S.-57, S.A.-52, R.S.-833, M.S.-1077, Mutation-8521, Plot Number: C.S. & S.A.-189, R.S.-1809, M.S.-1648, being bounded & butted by on the North-Dr. Habibur Rahman, on the South-Mr. Ahad Box & others, on the East-Late Humayun Jahir and on the West-Road.

### নিলামের শর্তাবলী :-

- আগামী ১৭/০৭/২০১৭ ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমদ্বয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপার্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রিশন ফ্রি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা।